# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৮৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৯০]

পর্ব-১৩: সাহূ (ভুল) (كِتَاب السَّهْوِ)

পরিচ্ছেদঃ ৫১: আর এক প্রকার দরূদ

## نوع آخر

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ، عَنْ شُعْبَةَ، عَنِ الْحَكَمِ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى، قَالَ: قَالَ لِي كَعْبُ بْنُ عُجْرَةَ: أَلَا أُهْدِي لَكَ هَدِيَّةً، قُلْنَا: يَا رَسُولَ اللَّهِ، قَدْ عَرَفْنَا كَيْفَ السَّلَامُ عَلَيْكَ، فَكَيْفَ نُصَلِّي عَلَيْكَ ؟ قَالَ: قُولُوا: اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَآلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٢٨٨ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1290 - صحيح

বাংলা

১২৮৯. সুওয়াইদ ইবনু নাসর (রহ.) ..... ইবনু আবূ লায়লা (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, কা’ব ইবনু ’উজরাহ (রাঃ) আমাকে বললেন, আমি কি তোমাকে কিছু হাদিয়্যাহ্ দিব না? (কা’ব বললেন) আমরা বলেছিলাম, হে আল্লাহর রসূল! আপনাকে সালাম পাঠানোর নিয়ম তো আমরা জানি, কিন্তু আপনার ওপর দরূদ কিভাবে পাঠ করব? তিনি (সা.) বললেন, তোমরা বলবে-
“আল্ল-হুম্মা সল্লি আলা মুহাম্মাদিওঁ ওয়া আ-লি মুহাম্মাদিন কামা- সল্লায়তা ’আলা- আ-লি ইবর-হীমা ইন্নাকা হামীদুম মাজীদ। আল্ল-হুম্মা বারিক ’আলা- মুহাম্মাদিও ওয়া আ-লি মুহাম্মাদিন কামা বা-রকতা ’আলা- আ-লি ইবর-হীমা ইন্নাকা হামীদুম মাজীদ।”
(হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (সা.) ও তার বংশধরের ওপর রহমত বর্ষণ কর, যেমন তুমি ইব্রাহীম (আঃ)-এর বংশধরের ওপর রহমত বর্ষণ করেছিলে। নিশ্চয় তুমি প্রশংসিত ও গৌরবান্বিত। হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (সা.) ও তাঁর বংশধরের ওপর বরকত বর্ষণ কর, যেমন তুমি ইবরাহীম আলায়হিস সালাম-এর বংশধরের ওপর বরকত

বর্ষণ করেছিলে। নিশ্চয় তুমি প্রশংসিত ও গৌরবান্বিত।)।

## English

51. Another Version

It was narrated that Ibn Abi Laila said: Ka'b bin Ujrah said to me: 'Shall I not give you a gift?' We said: O Messenger of Allah (ﷺ), we know about sending salams upon you, but how should we send salah upon you? He said: 'Say: Alahumma salli 'ala Muhammad wa 'ala ali Muhammad, kama sallaita 'ala Ibrahima wa barik 'ala Muhammad kama barakta 'ala ali Ibrahim fil-'alamin, innaka hamidun majid (O Allah, send salah upon Muhammad and upon the family of Muhammad, as You sent salah upon the family of Ibrahim, and send blessings upon Muhammad and upon the family of Muhammad as You sent blessings upon the family of Ibrahim among the nations. You are indeed Worthy of praise, Full of glory.)'

## ফুটনোট

সহীহ: বুখারী ৪৭৯৭, মুসলিম (১/৬৬/৩০৫)। [দ্রঃ ১২৮৭]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ ইবনু আবূ লায়লাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87683

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন